

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০।

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ১২৭ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:

১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এই প্রবিধানমালা 'নন-লাইফ বীমা জরিপকারীর কর্তব্য, দায়িত্ব ও আচরণবিধি প্রবিধানমালা, ২০২৫' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায় -

(ক) 'আইন' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) 'কর্তৃপক্ষ' অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) 'বীমা জরিপকারী' অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (৩০) এ সংজ্ঞায়িত জরিপকারী;

(ঘ) 'বীমাকারী' অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী।

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালাও উক্ত অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। জরিপকারী বা ক্ষতি নির্ধারক এর কর্তব্য ও দায়িত্ব : (১) জরিপকারী বা ক্ষতি নির্ধারক নন-লাইফ ইন্স্যুরেন্সের চুক্তির অধীনে বীমাকৃত কোন পণ্য, সম্পত্তি বা স্বার্থের উদ্ভূত ক্ষতি নির্ধারণের লক্ষ্যে তদন্ত, পরিমাপ ও যাচাইয়ে প্রয়োজনীয় সময় প্রদানসহ কর্মদক্ষতা, বাস্তবতা এবং পেশাদারিত্ব ও আচরণবিধি কঠোরভাবে অনুসরণপূর্বক যথাযথভাবে জরিপকার্য সম্পন্ন করিয়া প্রতিবেদন দাখিল করিবে।

(২) জরিপকারী বা ক্ষতি নির্ধারক জরিপ কাজ সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত কর্তব্য এবং দায়িত্ব পালন করিবে :

(ক) জরিপকারী বা ক্ষতি নির্ধারকের সাথে বীমাকারী বা বীমাগ্রহীতার কোন ধরনের সম্পর্ক যেমন:- পরিবারের সদস্য বা ব্যবসায়িক অংশীদার ইত্যাদি থাকিলে জরিপ প্রতিবেদনে তা প্রকাশ করিতে হইবে;

(খ) বীমাকারীর দায় এবং বীমাগ্রহীতার দাবির বিষয়ে যথাযথ গোপনীয়তা এবং নিরপেক্ষতা বজায় রাখিতে হইবে;

(গ) বীমাকৃত সম্পত্তির ক্ষতি নিরূপনে জরিপকারী বা ক্ষতি নির্ধারককে সরেজমিনে সম্পত্তি পরিদর্শন ও প্রয়োজনে একাধিকবার পরিদর্শন কার্য পরিচালনা করিতে পারিবে;

(ঘ) বীমার অধীনে দাবীর অধিকার এবং এ সম্পর্কিত অন্য কোন বিষয়ের উপর মন্তব্যের জন্য এক বা একাধিকবার সরোজমিনে পরিদর্শনসহ চূড়ান্ত জরিপ পরিচালনা করিতে পারিবে;

- (ঙ) বীমা পলিসিতে বর্ণিত শর্তাদি মোতাবেক যথাযথ ক্ষতির পরিমাণ নির্ধারণ পূর্বক বিস্তারিত বিবরণ সম্বলিত প্রতিবেদন প্রদান করিতে হইবে;
- (চ) সহ বীমার ক্ষেত্রে সহ বীমাকারীদের অংশগ্রহণ মোতাবেক ক্ষতি নিরূপনের হার এবং উদ্ধারকৃত সম্পদ সম্পর্কে জরিপ প্রতিবেদনে উল্লেখ করিতে হইবে;
- (ছ) একই সম্পদ একাধিক বীমা দ্বারা আবরিত হইলে জরিপকারীকে পলিসি অনুযায়ী ক্ষতি নিরূপনের হার এবং উদ্ধারকৃত সম্পদ সম্পর্কে জরিপ প্রতিবেদনে উল্লেখ করিতে হইবে;
- (জ) ক্ষতির হার, ক্ষতির নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে প্রাক জরিপ বা প্রি-রিস্ক প্রতিবেদনে উল্লেখ করিতে হইবে;
- (ঝ) পলিসির শব্দ চয়নে কোন বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা উল্লেখ করিতে হইবে;
- (ঞ) অবচয়ের প্রযোজ্যতা, শতাংশ / শতকরা হার এবং অনুমিত পরিমাণ নির্ধারণ করিতে হইবে;
- (ট) বীমা পলিসির যাবতীয় শর্তাবলী দ্বারা আবরিত না হয় সেই ক্ষেত্রে দাবী নাকোচের সুস্পষ্টভাবে কারণ উল্লেখ করিতে হইবে;
- (ঠ) বীমা দাবির ক্ষতি নিরূপনে বিশেষজ্ঞের মতামত প্রয়োজন হইলে, বীমাকারীর সম্মতিক্রমে জরিপকারী বিশেষজ্ঞ নিয়োগ করিতে পারিবে;
- (ড) স্যালভেজ বা উদ্ধারকৃত ক্ষতিগ্রস্ত সম্পদের দূল্য নির্ধারণ এবং এর বিক্রয় সম্পর্কে কোন মন্তব্য প্রদান করিতে হইবে;
- (ঢ) জরিপকারী আইন ও বিধি-বিধান দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে বা দ্রুততার সাথে নিরপেক্ষভাবে যথাযথ ক্ষতির পরিমাণ নির্ধারণ করে জরিপ প্রতিবেদন দাখিল করতে সচেষ্ট থাকবে;
- (ণ) বীমাকারী কর্তৃক বীমা চুক্তিতে উল্লেখিত কাগজাদি ব্যতীত অন্য কোনো দলিলাদি বীমা গ্রাহকের নিকট চাইবে না তবে কোনো কারণে অতিরিক্ত কাগজপত্র প্রয়োজন হইলে তার যৌক্তিক কারণ প্রদর্শনপূর্বক চাওয়া যাইতে পারে;
- (ত) ক্ষতি নিরূপনের ক্ষেত্রে জরিপকারী প্রদত্ত রিপোর্টে ক্ষতিপূরণের অর্থ (পরিমাণ) সুস্পষ্টভাবে উল্লেখ করিবে;

৪। জরিপকারী বা ক্ষতি নির্ধারক এর আচরণবিধি : (১) জরিপকারী বা ক্ষতি নির্ধারককে নিম্নবর্ণিত আচরণবিধি মানিয়া চলিতে হইবে :

- (ক) নন-লাইফ ইন্স্যুরেন্স এবং এর দাবীর প্রকৃতি সম্পর্কে স্বচ্ছ ধারণা রেখে সততা, নিষ্ঠা, দক্ষতা, নিরপেক্ষতা এবং পেশাদারিত্বের সাথে জরিপ ও ক্ষতি নিরূপণ/নির্ধারণের কাজ সম্পন্ন করা;
- (খ) নৈতিকতা, Due Diligence এবং সততার সাথে জরিপ ও ক্ষতি নির্ধারণের কার্যক্রম পরিচালনা করা;
- (গ) জরিপকারী কাজের সময় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ করার ক্ষেত্রে সৌজন্য ও সদাচরণের দিকে লক্ষ্য রেখে দায়িত্বশীলতার সাথে জরিপকাজ পরিচালনা করা;
- (ঘ) জরিপকারী বা ক্ষতি নির্ধারকের পক্ষে কোন জরিপ কাজ করার সক্ষমতা বা সামর্থ্য না থাকিলে তাহা গ্রহণে অপারগতা প্রকাশ করা;


মোহাম্মদ মাসুদ মাসুদ
পরিচালক (উপ-পরিচালক)
বীমা উন্নয়ন ও অর্থায়ন কর্তৃপক্ষ

- (ঙ) জরিপকারী বা ক্ষতি নির্ধারক হিসাবে পেশাদার অনুশীলন সম্পর্কিত আধুনিক প্রযুক্তির সাথে সম্পৃক্ত থেকে নিজেকে সমরোপযোগী করা;
- (চ) জরিপকারী বা ক্ষতি নির্ধারকের সহকর্মীদের পেশাদারিত্ব লাভের জন্য সহায়তা ও উৎসাহিত করা এবং এই ক্ষেত্রে শিক্ষাবীশ প্রদান ও বাস্তব প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে দক্ষ করে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করা;
- (ছ) জরিপকারী বা ক্ষতি নির্ধারক জরিপকারের তথ্য সম্বলিত একটি রেজিস্টার সংরক্ষণ করা এবং দাবী নিষ্পত্তির পর ন্যূনতম ০৩ (তিন) বছরের জন্য জরিপ প্রতিবেদন, ফটোগ্রাফস এবং অন্যান্য গুরুত্বপূর্ণ নথি ও রেকর্ড সংরক্ষণ করা, তবে ক্ষেত্র বিশেষে বিরোধ নিষ্পত্তি বা আদালতে বিচারাধীন দাবীসমূহের ক্ষেত্রে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত তাহা সংরক্ষণ করিতে হইবে;
- (জ) জরিপকারী বা ক্ষতি নির্ধারকের নিয়োগ ও গ্রহন সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করা;
- (ঝ) বীমাগ্রহীতা বা বীমাকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে জরিপকারী বা ক্ষতি নির্ধারক কর্তৃক সংশ্লিষ্ট জরিপকারের তথ্যাদি প্রকাশ না করা তবে রাষ্ট্রীয় স্বার্থে ক্ষতিকারক হওয়ার আশঙ্কা হয় বা হইয়াছে এসকল বিষয়াদির ক্ষেত্রে তা কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থাকে অবহিত করা যাইবে;
- (ঞ) জরিপকারী বা ক্ষতি নির্ধারকের ব্যক্তিগত লাভের জন্য বা কোন তৃতীয় পক্ষের লাভের জন্য তাহার পেশাদারীত্বের মাধ্যমে অর্জিত বা গৃহীত কোনো তথ্য ব্যবহার বা প্রকাশ না করা;
- (ট) জরিপকারী বা ক্ষতি নির্ধারক কর্তৃক সময়ে সময়ে কর্তৃপক্ষের জারিকৃত নির্দেশনা পরিপালন নিশ্চিত করা;
- (২) দফা (১) এ বর্ণিত আচরণবিধি লংঘন করিলে আইনের বিধান মোতাবেক কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।



মাহামুদ আব্দুল মজিদ
পরিচালক (উপ-সচিব)
গণ উন্নয়ন ও নিরঙ্কুশ কর্তৃপক্ষ

কর্তৃপক্ষের আদেশক্রমে,

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিরঙ্কুশ কর্তৃপক্ষ